দৈনিক
ইনকিলাব

তারিখ 26 JAN 2013
পৃষ্ঠা ২৫ কলাম ৫

# কল্যাণ ট্রাস্ট থেকে প্রাপ্য সুবিধা বিলুপ্ত করায় ২টি শিক্ষক সংগঠনের ক্ষোভ ও নিন্দা

প্রেস বিজ্ঞপ্তি : অবসর গ্রহণের সময় বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক কর্মচারীগণ ইতিপূর্বে কল্যাণ ট্রাস্ট থেকে এককালীন যে আর্থিক সুবিধা পেতেন তা রহিত করায় এবং শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রিন্সিপাল কাজী ফারুক আহমেদকে হয়রানি ও চাকরিচ্যুত করার অপচেষ্টার ব্যাপারে ২টি বেসরকারী শিক্ষক সংগঠনের যৌথ সভায় তীব্র ক্ষোভ প্রকাশ করা হয়েছে। বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি ও বাংলাদেশ শিক্ষক সমিতির যুগ্ম সভায় বলা হয়, বেসরকারী শিক্ষক কর্মচারীগণ কল্যাণ ট্রাস্ট থেকে অবসরকালে এককালীন আর্থিক সুবিধা পাবেন আর অবসর পরিকল্প/পেনসন স্কীম প্রবর্তিত হলে সেখান থেকেও অবসরকালীন আমৃত্যু নিয়মিত মাসিক আর্থিক সুবিধা পাবেন। একটি হবে এককালীন সুবিধা আর অন্যটি হবে আমৃত্যু নিয়মিত আর্থিক সুবিধা। কিন্তু কল্যাণ ট্রাস্টের অঙ্গহানি করে এককালীন সুবিধা বিলুপ্ত করায় সভায় তীব্র ক্ষোভ ও নিন্দা জ্ঞাপন করা হয়।

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের চেয়ারম্যান শেখ আমানুল্লাহর সভাপতিত্বে শুক্রবার বিকেলে তেজগাঁও কমিউনিটি সেন্টার আদর্শ উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন ফেডারেশনের সেক্রেটারী জেনারেল প্রিন্সিপাল কাজী ফারুক আহমেদ, কলেজ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক আসাদুল হক, বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি মোহাম্মদ আজিজুল ইসলাম প্রমুখ।